



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড,
রমনা, ঢাকা-১০০০।

স্ব-প্রণোদিত মামলা নং- ৫৪/২০২২

মামলার বিষয় : পারস্পারিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে টয়লেট্রিজ পণ্যের মূল্য বৃদ্ধি।
মামলার ধারা : প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫.এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) লঙ্ঘন।
প্রতিপক্ষ : ব্যবস্থাপনা পরিচালক
কোহিনুর কেমিক্যাল কোম্পানি বাংলাদেশ লিমিটেড
৩৬ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণী, তেজগাঁও আই/এ, ঢাকা-১২০৮।

চূড়ান্ত আদেশ প্রদানের তারিখ : ০৭/০৫/২০২৫

কমিশন : (১) জনাব এ এইচ এম আহসান, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(২) জনাব মো: আখতারুজ্জামান তালুকদার, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(৩) জনাব ওয়াজিদ হাসান শাহ, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
(৪) জনাব ড. আফরোজা বিলকিস, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

উপস্থিতঃ

প্রতিপক্ষের পক্ষে মনোনীত প্রতিনিধি

(১) জনাব আবুল খায়ের, পরিচালক
(২) মীর মাহফুজ উল আনোয়ার, আইন উপদেষ্টা



আদেশ:





কমিশন স্ব-প্রণোদিত হয়ে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর আওতায় ৫৪/২০২২ মামলাটি দায়ের করে। এ মামলায় অনীত অভিযোগের ভিত্তিতে অনুসন্ধান, তদন্ত ও তদন্ত প্রতিবেদনের উপর প্রতিপক্ষের মনোনীত প্রতিনিধিগণের বক্তব্য শোনা হয় এবং প্রতিপক্ষের যুক্তিতর্কের সমর্থনে লিখিত ও মৌখিক বক্তব্যও উপস্থাপন করা হয়। তদন্ত প্রতিবেদন ও বিজ্ঞ আইনজীবীর লিখিত ও মৌখিক যুক্তিতর্কের ভিত্তিতে কমিশন নিম্নবর্ণিত আদেশ প্রদান করছে।


মামলার বিবেচ্য সময়ে প্রতিপক্ষ প্রতিষ্ঠান কোহিনুর কেমিক্যাল কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড কর্তৃক উৎপাদিত পণ্যসমূহের মূল্য সমধর্মী অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মূল্যের তুলনায় সর্বনিম্ন ছিল। বাজারে বিদ্যমান বিভিন্ন কোম্পানির মার্কেট শেয়ারের তুলনায় কোহিনুর কেমিক্যাল কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড এর মার্কেট শেয়ারের পরিমাণ নগণ্য। আমদানিকৃত কাঁচামালের ব্যয়সহ উৎপাদন ব্যয় বৃদ্ধির কারণে পণ্য মূল্য বৃদ্ধি করার বিষয়টি তথ্য ও প্রমাণাদি দ্বারা সমর্থিত। সমজাতীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক যোগসাজশের বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি। প্রতিপক্ষ প্রতিষ্ঠান কোহিনুর কেমিক্যাল কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড এর বিরুদ্ধে প্রতিযোগিতা কমিশনে এটিই প্রথম মামলা। সার্বিক বিষয়াদি বিবেচনায় কোহিনুর কেমিক্যাল কোম্পানি বাংলাদেশ লিমিটেড, ৩৬ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণী, তেজগাঁও ঢাকা-কে নিম্নবর্ণিত নির্দেশনাসহ অত্র মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


নির্দেশনাসমূহ :

- ১) রায় ঘোষণার পরবর্তী ২ বছর সময়কাল পর্যন্ত ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যসমূহের মূল্য বিবরণী কমিশন বরাবর দাখিল করতে হবে ;
- ২) যৌক্তিক কারণ ব্যতীত পণ্যমূল্য বৃদ্ধি করা যাবে না। ভবিষ্যতে প্রতিপক্ষ প্রতিষ্ঠানটির প্রতিযোগিতা আইন, ২০১২ বিরোধী কার্যক্রমের মাধ্যমে পণ্য মূল্য বৃদ্ধির প্রমাণ পাওয়া গেলে কমিশন কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”


০৭/০৫/২০২২
ড. আফরোজা বিলকিস
সদস্য


ওয়াজিদ হাসান শাহ
সদস্য


০৭/০৫/২০২২
ড. মো: আখতারুজ্জামান তালুকদার
সদস্য


০৭/০৫/২০২২
এ এইচ এম আহসান
চেয়ারপার্সন